ঝিনাইদহ-২ আসনে লাঙ্গল প্রতীকের প্রচারণা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণের দিন যতই ঘনিয়ে আসছে ঝিনাইদহের ৪ টি আসনে নির্বাচনী প্রচারণা ততই বাড়ছে। ঝিনাইদহ-২ আসনে লাঙ্গল প্রতিকে ভোট চাইলেন জাতীয় পার্টির প্রার্থীর মাতা শেফালি রহমান, শাশুড়ী শাহীন আরা হক ও স্ত্রী এ্যাডভোকেট নাসরিন সুলতানা লিজা। আওয়ামী লীগ, স্বতন্ত্র প্রার্থীদের পাশাপাশি নির্বাচনী প্রচারণা জোরেসোরেই চালিয়ে যাচ্ছে জাতীয় পার্টির মনোনীত প্রার্থীরা সকাল থেকে রাত অবধি ভোটারদের দ্বারে দ্বারে ঘুরছেন।

বৃহস্পতিবার নির্বাচনী প্রচারণার শেষ দিনে ঝিনাইদহ-২ আসনের জাতীয় পার্টির প্রার্থী জেলা জাতীয় পার্টির সিনিয়র সহ-সভাপতি ও কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য মেজর অবসরপ্রাপ্ত মাহফুজুর রহমান এর মাতা, শাশুড়ী ও তার স্ত্রী লিজা হরিণাকুন্ডু উপজেলা শহরের হল বাজার এলাকায় নারী ভোটারদের সাথে গণসংযোগ করেন। সেসময় ভোটারদের মাঝে উন্নয়নের নানা প্রতিশ্রুতি দেন। আগামী ৭ জানুয়ারি লাঙ্গল প্রতিকে ভোট প্রার্থনা করেন। এছাড়াও তিনি দিনভর হরিণাকুন্ডু উপজেলার শিতলী, চারাতলা, ভালকী, কাপাশহাটিয়ার নানা শ্রেণী পেশার মানুষের সাথে গণসংযোগ করেন। রাতে ঝিনাইদহ শহরের পৌর এলাকার বিভিন্ন শ্রেণী পেশার মানুষের সাথে জাতীয় পার্টির বিভিন্ন স্তরের নেতাকর্মীদের সাথে নিয়ে গণসংযোগ করবেন বলে জানান তিনি।